ঝিনাইদহের তহুরুল ১ মাস ৪ দিন যাবৎ নিখোঁজ

ঝিনাইদহ সদর থানার হুয়াইল গ্রামের তহুরুল ইসলাম (৬৩), এক জন মানসিক রোগী হারিয়ে ১মাস ৪দিন যাবৎ নিখোঁজ রয়েছে। তিনি একই গ্রামের মৃত ছলিমউদ্দিন বিশ্বাসের পুত্র।

তার পুত্র মো: রবিউল ইসলাম (৩৭), গতকাল সোমবার ঝিনাইদহ সদর থানায় একটি সাধারণ ডায়েরি করেণ।

এই ডায়েরিতে জানান তার তহুরুল ইসলাম (৬৩), পিতা-মৃত ছলিমউদ্দিন বিশ্বাস, সাং-হুয়াইল, থানা ও জেলা-ঝিনাইদহ একজন মানসিক রোগী। মাঝে মধ্যে ইচ্ছামত হাট বাজারে চলে বেড়াতো। আবার বাড়ীতে ফিরে আসতো। এই অবস্থায় গত ইং-০৮/০১/২০২৪ তাং সকাল অনুমান সাড়ে ১০টার সময় কাউকে কিছু না জানিয়ে বাড়ী থেকে বের হয়ে আর বাড়ীতে ফিরে আসে নাই। এমনকি কোন আত্মীয় স্বজনদের বাড়ীতেও যায় নাই। বহু খোঁজা- খুঁজি করে কোথাও সন্ধান পাওয়া যায় নাই। খোঁজা-খুঁজি অব্যাহত আছে। সন্ধান পাওয়া গেলে নিকটস্ত থানায় অবহিত করার আহবান জানিয়েছেন। তার দৈহিক বিবরণ গায়ের রং◌ং কলো, মুখ মন্ডল গোলাকার।

উচ্চতা অনুমান ৫ ফুট ৪ ইঞ্চি, চুল/পাঁড়ি/গোফ পাকা, শারিরীক গঠন স্বাভাবিক, গায়ে আর্মি কোর্ট ও পরনে চেক লুঙ্গি, হাতে থলের ভিতর কম্বল ও কাপড় চোপড়, নাক, কান, মুখ, হাত, স্বাভাবিক, ঝিনাইদহের আঞ্চলিক ভাষায় কথা বলে। ঝিনাইদহ সদর থানার জিডি নং- ৯৯৬ তারিখ ১২/০২/২৪ইং। যোগাযোগের জন্য মোঃ রবিউল ইসলাম, মোবাইল নং- ০১৯১৮-৯৫৪৬৯৮।

ঝিনাইদহ জেলার শ্রেষ্ঠ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আজ সোমাবার বিকালে সাধুহাটী ইউনিয়নের বংকিরা গ্রামের হাওন ঘাটা মাঠে বঞ্চিত জনদের নিয়ে প্রতিবছরেরন্যায় এই প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল।

বিশেষ অতিথি হিসেবে সাধুহাটী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাজী নাজির উদ্দিন, সাবেক চেয়ারম্যান মিজানুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাব সভাপতি এম রায়হানসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে

সভাপতিত্ব করেন বঞ্চিতজন সংগঠনের সভাপতি আনোয়ার পাশা বিদ্যুত। অনুষ্ঠানে অতিথি আপ্যায়নের জন্য প্রধান অতিথি সংগঠনের সভাপতির নিকট ৩০হাজার টাকা এবং অবকাঠামো উন্নয়নের জন্য ঝিনাইদহ-২ আসনের এমপি নাসের শাহরিয়ার জাহেদী মহুলের পক্ষ থেকে ২লাখ টাকার অনুদান ঘোষণা করেন। অনুষ্ঠানে ৫শতাধিক বঞ্চিতজনকে আপ্যায়ন করা হয়।

ঝিনাইদহে ১৭ বছরের কারাদন্ড প্রাপ্ত আসামী গ্রেফতার

ঝিনাইদহে অস্ত্র মামলায় ১৭ বছরের কারাদন্ড প্রাপ্ত ফেরারী আসামী মাহমুদ হাসান সুমন (৩১) কে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল শনিবার (১০ ফেব্রুয়ারি) গভীর রাতে রাজধানীর মোহাম্মদপুর এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত সুমন বিষয়খালী গ্রামের শহিদুল ইসলামের ছেলে।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ শাহীন উদ্দিন জানান, ২০১৭ সালে অস্ত্রসহ সদর উপজেলার বিষয়খালী এলাকার মাহমুদ হাসান সুমনকে আটক করে পুলিশ। সেই মামলায় সম্প্রতি ঝিনাইদহের সিনিয়র স্পেশাল ট্রাইব্যুনালের বিচারক ২ টি ধারায় ১৭ বছরের সশ্রম কারাদন্ডে দন্ডিত করে। মামলার রায়ের পর থেকেই পলাতক ছিলো সুমন। ঢাকার

মোহাম্মদপুর এলাকায় অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে শনিবার গভীর রাতে পুলিশ তাকে গ্রেফতার করে।আজ রোববার সকালে তাকে আদালতের মাধ্যমে জেল হাজতে পাঠানো হয়।

ঝিনাইদহে ইয়াবাসহ ৬ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহে ইয়াবাসহ ৬ মাদক ব্যবসায়ীকে আটক করেছে সদর থানা পুলিশ। গতকাল শনিবার রাতে ঝিনাইদহ শহরের মডার্ন মোড় এলাকা থেকে তাদের আটক করা হয়।

ঝিনাইদহ সদর থানার অফিসার ইনচার্জ শাহীন উদ্দিন জানান, শহরের মর্ডান মোড় এলাকায় মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সদর থানা পুলিশ অভিযান চালায়। সেসময় সাজ্জাদ হোসেন টিপু, জীবন হোসেন, রাসেল মিয়া, ইয়ারুল ইসলাম, আনিচ হোসেন ও শামীম হোসেনকে আটক করা হয়। পরে তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ১০০ পিচ ইয়াবা। আটকৃকতদের বাড়ি চুয়াডাঙ্গা ও ঝিনাইদহ সদর উপজেলার বিভিন্ন গ্রামে।

এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে থানায় মাদকদ্রব্য আইনে মামলা করা হয়েছে। পরে আটকৃকতদের আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরন করা হয়েছে।

ঝিনাইদহে সামাজিক বিরোধের জেরে পিটিয়ে জখম, থানায় মামলা

ঝিনাইদহ সদর উপজেলার সুরাট ইউনিয়নের সামাজিক বিরোধের জেরে ঝিনাইদহ শহরে একা পেয়ে মোঃ শাকিল হোসেন (২৩) কে কুপিয়ে ও

পিটিয়ে জখম করেছে প্রতিপক্ষরা।

এ ব্যাপারে আহতের ভাই বাদি হয়ে ৪ জনের নাম উল্লেখ করে এবং ৭/৮ জন অজ্ঞাত নামাকে আসামী করে ঝিনাইদহ সদর থানায় এজাহার দায়ে করেছেন।

আজ শনিবার সকাল সাড়ে ১১টার দিকে শহরের প্রিন্স হাসপাতালে পশ্চিম পার্শ্বে পাকা রাস্তার উপর এই ঘটনা ঘটে।

এ ব্যাপারে ভিকটিমের ভাই সদর উপজেলার লাউদিয়া গ্রামের আবু জাফর লস্করের ছেলে গোলাম কিবরিয়া লস্কর বাদি হয়ে সুরাট ইউনিয়নের পূর্ব কৃষ্ণপুর গ্রামের মো: আশরাফ হোসেন (৪৪), পিতা- লোকমান মন্ডল ও কল্যানপুর গ্রামের এনামূল (৩৮), পিতা-ইব্রাহিম, নাজমুল (২৮), পিতা- শহিদুল ইসলাম, আশিক (৩০), পিতা-মকলেছসহ অজ্ঞাতনামা ৭/৮ জনের বিরুদ্ধে থানায় এজাহার দায়ের করেণ। গোলাম কিবরিয়া লস্কর এজাহারে উল্লেখ করেন ১০ ফেব্রুয়ারী সকালে আমার আপন ভাই মোঃ শাকিল হোসেন (২৩) ও বাকের আলী (৪২) ও সাইফুল (৩২), পিতা- শহিদুল ইসলাম ঝিনাইদহ শহর হতে বাজার সওদা করে জনৈক মিলন হোসেন এর ভ্যান যোগে বাড়ীর উদ্দেশ্যে রওনা করে সকাল অনুমান সাড়ে ১১ সময় ঝিনাইদহ হামদহ প্রিন্স হাসপাতালের পশ্চিম পার্শ্বে পাকা রাস্তার উপর পৌছানো মাত্রই সামাজিক বিরোধের কারনে পূর্ব থেকে রাস্তার পার্শ্বে ওৎ পেতে থাকা উল্লেখিত আসামীগন সহ অজ্ঞাতনামা আসামী পরিকল্পিতভাবে হত্যার উদ্দেশ্যে হাতে দেশীয় তৈরী মারাত্নক অস্ত্র-শস্ত্র সহকারে আমার ভাই ও তার সঙ্গে থাকা বারেক আলী এবং সাইফুলকে গতিরোধ করে।

তখন অবস্থার বেগতিক দেখে আমার ভাই শাকিল ভ্যানের উপর থেকে নেমে দৌড় দিলে আসামীরা পিছন ধাওয়া করে পুলিশ লাইনপাড়স্থ জনৈক হাফিজ উকিল এর বাড়ীর সামনে পাকা রাস্তার উপর আমার ভাই শাকিলকে ধরে ফেলে ১নং আসামী আশরাফ হোসেন খুন করার হুকুম দিয়ে সে নিজে তার হাতে থাকা থাকা ধারালো রাম-দা দিয়ে খুনের উদ্দেশ্যে আমার ভাই সাকিল এর মাথা লক্ষ্য করে সজোরে কোপ মারে। মাথা নিচু করে ডান দিয়ে সরিয়ে নিলে কোপটি আমার ভাই শাকিলের বাম কাধের উপর লেগে গুরুতর জখম হয়। এভাবে সকল আসামী ধারালো চাপাতী, লাঠি ও লোহার রড দিয়ে খুনের উদ্দেশ্যে মাথার উপরে এলোপাথাড়ী কোপ মেরে কাটা রক্তাক্ত জখম করে। এভাবে শরীরের বিভিন্ন স্থানে রক্তাক্ত জখম করে। তখন তার সঙ্গে থাকা, বাকের আলীম সাইফুল ও ভ্যান চালক মিলন হোসেন ঠেকাতে গেলে আসামীরা তাদেরকেও মারপিট করে জখম করে। এছাড়াও এজাহারে আরও উল্লেক করেন, আসামী এনামূল তার জখমী ভাইয়ের গলা থেকে ৮ আনা ওজনের

একটি স্বর্নের চেইন ও কিছু নগদ টাকা নিয়ে নেয়। আহতদের ডাক চিৎকারে অনেকেই ছুটে এলে আসামীরা দ্রুত ঘটনাস্থল ত্যাগ করে।

প্রত্যক্ষদর্শীরা আহত শাকিল কে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করে। এই ঘটনায় জড়িতদের গ্রেফতার করে দ্রুত আইনের আওতায় আনার দাবি জানান।

এ ঘটনায় সুরাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আশরাফ হোসেন বলেন আমি এই ঘটনার কিছুই জানিনা, এসব আমার বিরুদ্ধে ষড়যন্ত্র। এবিষয়ে ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শাহীন উদ্দিন জানান এব্যাপারে একটি অভিযোগ পেয়েছি, আমারা তদন্দ করে ব্যবস্থা নিবো।

কোটচাঁদপুরে ৩ জনের নামে পৃথক ৩ টি চিরকুটে চাঁদা দাবি

কোটচাঁদপুরে ৩ জনের নামে পৃথক ৩ টি চিরকুটে চাঁদা দাবি করেছেন দূর্বৃত্তরা। গত ৭ ফেব্রুয়ারি সকালে এ চিরকুট দেখতে পান ভুক্তভোগীরা। ওই ঘটনায় রবিউল ইসলাম বাদি হয়ে আজ শুক্রবার (৯ ই ফেব্রুয়ারি) স্থানীয় থানায় অভিযোগ করেছেন।

ভুক্তভোগী রবিউল ইসলাম বলেন,৭ তারিখ সকাল ৮.৩০ মিনিট। ওই সময় আমার ছেলের বউ সোনিয়া খাতুন বাড়ির উঠানে কাজ করার সময় ভ্যানের উপর ভাজ করা প্রথম চিঠি দেখতে পান। তাতে আমার কাছে ৩ লাখ টাকা চাঁদা দাবি করা হয়। চাঁদা না পেলে প্রাণ নাশের হুমকিও দেয়া হয় ওই চিঠিতে। পাশে আবুল কাশেমের বাড়ির ছাদে কাপড় মেলতে যান সোনিয়া খাতুন। ওখানেও একইভাবে ভাজ করা চিরকুট দেখতে পান। ওই চিরকুটে আবুল কাশেমের কাছে ১০ লাখ টাকা চাঁদা দাবি করা হয়।

ওইদিন জাকির হোসেন ওরফে সুমনের মা রুবিনা খাতুন নিজ ছাদে একই রকম কাগজে লেখা চিরকুট পান। ওই চিরকুটে সুমনের কাছে ৫ লক্ষ টাকা চাঁদা দাবি করা হয়। ওই চিঠিতে লেখা ছিল আগামী ২০ তারিখের মধ্যে ওই চাঁদার টাকা পরিশোধ করার কথা। তবে কোথায় কখন এ টাকা দিতে হবে, তা পরবর্তী চিঠি দিয়ে জানানো হবে বলে ওই চিঠিতে উল্লেখ

করেছেন দূর্বৃত্তরা।

এ ব্যাপারে ভুক্তভোগী আবুল কাশেম বলেন,আমার সঙ্গে কারোর কোন শত্রুতা নাই। তবে কে কেন এ ধরনের চিঠি দিল বুঝতে পারছিনা।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন বলেন,অভিযোগ পেয়েছি। তবে এটা তেমন কোন চাঁদা চাওয়ার মত ঘটনা না। নিজের ছেলে সহ আরো কয়েক জন ছাদে খেলা করেন। এটা ওই ধরনের ছেলেরা করতে পারে। কারণ এটা খুব কাঁচা হাতের লেখা। চিঠি পড়ে তেমন মনে হয়েছে। রাতে ঘটনাস্থলে যাব। দেখি প্রকৃত পক্ষে কি ঘটেছে।

ঝিনাইদহে বাংলা ইশারা ভাষা দিবস পালিত

ঝিনাইদহের শৈলকুপায় বাংলা ইশারা ভাষা দিবস পালিত হয়েছে। “বাংলা ইশারা ভাষার প্রসার করি, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে গতকাল বৃহস্পতিবার (৯ ফেব্রুয়ারী) বিকেলে শৈলকুপা উপজেলার সারুটিয়া ইউনিয়নের ভাটবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ডিফ চিলড্রেন ওয়ার্ল্ডওয়াইড এর অর্থায়নে সেন্ট্রাল ফর ডিসেবলড এন ডেভেলপমেন্টর এর কারিগরি সহযোগতিায় এ অনুষ্ঠানের আয়োজন করে ঝিনাইদহের এইড ফাউন্ডেশনের স্মাইল প্রকল্প।

এইড ফাউন্ডেশনের প্রতিবন্ধী শিশু পুনর্বাসন কর্মসূচির সহকারি পরিচালক সুরাইয়া পারভীন’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইলিয়াস কাঞ্চন।

অনুষ্ঠানের সার্বিক তত্বাবধান করেন স্মাইল প্রকল্পের এ্যাডভোকেসী ক্যাপাসিটি বিল্ডিং ডকুমেন্টশন অফিসার আয়াতুল্লাহ।

দিনব্যাপী এই অনুষ্ঠানে জাতীয় সংগীত ইশারা ভাষায় ইন্টারপেট করা, ইশারা ভাষার সেশন, আলোচনা সভা, বাংলা ইশারা ভাষা দিবসের সাথে

একাত্মতা ঘোষণা করে স্বাক্ষরতা ক্যাম্পেইন ও হাতের ছাপ নেওয়া হয়। অনুষ্ঠানে প্রকল্পের আওতাভূক্ত শ্রবণ প্রতিবন্ধী শিশু, অভিভাবক, সুশীল সমাজসহ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ যুবলীগ নেতা বিপ্লবের মোটরসাইকেল শো-ডাউন

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের বার্তা ঝিনাইদহ সদর উপজেলা বাসীর মাঝে তুলে ধরতে মোটরসাইকেল শো-ডাউন করেছেন যুবলীগ নেতা নুরে-এ আলম বিপ্লব।

গতকাল বৃহস্পতিবার বিকেলে শহরের পানি উন্নয়ন বোর্ড এলাকা থেকে কয়েক’শ আওয়ামী লীগ, যুবলীগের নেতাকর্মীদের সাথে নিয়ে তিনি শো- ডাউন শুরু করেন। সেখান থেকে শহরের বিভিন্ন স্থান ও সদর উপজেলার বিভিন্ন এলাকা প্রদক্ষিণ করেন তিনি। এছাড়াও বিভিন্ন স্থানে পথসভা অংশ নেয়।

সেসময় বাংলাদেশের চলমান উন্নয়নে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদান তুলে ধরেন তিনি। সেই সাথে আসন্ন উপজেলা পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে নির্বাচন করার প্রতিশ্রুতি ব্যক্ত করে সকলের কাছে দোয়া কামনা করেন নুরে-এ আলম বিপ্লব।

কোটচাঁদপুরে গ্রাহকের প্রায় সাড়ে ১২ কোটি টাকা হাতিয়ে

নিলো,৩ টি আর্থিক প্রতিষ্ঠান

৪ বছরে কোটচাঁদপুর থেকে গ্রাহকের ১২ কোটি ৪২ লাখ টাকা হাতিয়ে নিয়েছেন,৩ টি আর্থিক প্রতিষ্ঠান। যার মধ্যে রয়েছে আল – আরাফাহ্ ইসলামী ব্যাংকের আউটলেট,ব্যাংক এশিয়া’র আউটলেট ও আজিজ কো- অপারেটিভ কর্মাস এন্ড ফাইন্যান্স ব্যাংক লিমিটেড। ওই ঘটনায় আদালতে মামলা হলেও মূল হোতারা রয়েছে ধরা ছোয়ার বাইরে। গ্রাহকররা ফেরত পাননি ব্যাংকে লগ্নি করা টাকা। বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহনের দাবি ভুক্তভোগীদের।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,গেল ২০২০ সালের ডিসেম্বর মাসে কোটচাঁদপুরে আল – আরাফাহ্ ইসলামী ব্যাংকের আউটলেটের শাখা খোলা হয়। এই আউটলেট শাখার দ্বায়িত্বে ছিলেন,আহসানগীর (সাবলু)। অল্প দিনেই ব্যাংকের সু-নাম ছড়িয়ে পড়ে চারিদিকে।

সেই সুযোগে ব্যাংকের গ্রাহকদের সঙ্গে সখ্যতা গড়ে তোলেন (সাবলু)। অধিক মুনাফার প্রলোভন দেখান গ্রাহকদের। ওই সময় ১৩ জন গ্রাহকের কাছ থেকে পৃথক স্ট্যাম্প করে হাতিয়ে নেন ১১ কোটি টাকা। এ ঘটনাটি জানাজানি হওয়ার পর গা ঢাকা দেন আহসানগীর (সাবলু)।

ওই ঘটনায় গ্রাহকদের মধ্যে চুয়াডাঙ্গার ভূট্রো নামের এক যুবক ও কোটচাঁদপুরের আল- আমিন আদালত মামলা করেছেন। গ্রাহক ভূট্রোর মামলায় আদালতে সাজাও হয়েছে আহসানগীরের বিষয়টি নিশ্চিত করেছেন ভুক্তভোগী আল-আমিন।

তিনি বলেন, আহসানগীরের কথামত সরল বিশ্বাসে আমি ব্যাংকে ১ কোটি ৩০ লাখ টাকা দিয়ে ছিলাম। চুয়াডাঙ্গার ভুট্টো নামের আরেক গ্রাহক দিয়ে ছিল ৩০ লাখ। এ ভাবে তিনি ১৩ জন গ্রাহকের কাছ থেকে হাতিয়ে নেন ১১ কোটি টাকা। যার মধ্যে ভূট্রো ও আমি আদালতে তাঁর বিরুদ্ধে মামলা করেছি। এরমধ্যে ভূট্রোর মামলায় সাজাও হয়েছে সাবলুর।

সে মহেশপুর উপজেলার কাকিলা দাড়ি গ্রামের আমিনুর রহমান ছেলে। এরপর ২০১৯ সালে ব্যাংক এশিয়া’র আউটলেট খোলা হয় কোটচাঁদপুরে। ওই সময় ব্যাংকের দায়িত্বে ছিলেন কোটচাঁদপুর শহরের মৃত কাওসার মন্ডলের ছেলে মনিরুল ইসলাম। এরপর ২০২১ সালের ব্যাংকের দায়িত্ব নেন তাঁর বড় ভাই জেলা পরিষদের সদস্য রাজিবুল কবির (রাজিব)। ওই সময় তাঁর অনুরোধে কোটচাঁদপুর উপজেলার রঘুনাথপুর গ্রামের কুয়েত প্রবাসী